তারিখ ... 02 MAR 2016 ...
পৃষ্ঠা ... ২০ কলাম ... ৬ ......

দৈনিক জনকণ্ঠ

# ময়মনসিংহ মেডিক্যালে ইন্টার্ন ডাক্তার লাঞ্ছিত, কর্মবিরতি

**স্টাফ রিপোর্টার, ময়মনসিংহ ॥** পূর্ব বিরোধের জেরে মঙ্গলবার বিকেলে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালের ১৩ নম্বর ওয়ার্ডে বহিরাগতদের হামলায় মাজহার নামে এক ইন্টার্ন চিকিৎসক লাঞ্ছিত হয়েছেন। প্রতিবাদে ক্ষুব্ধ ইন্টার্ন চিকিৎসকরা হাসপাতালের জরুরী বিভাগে হামলা চালিয়ে চেয়ার-টেবিলসহ আসবাবপত্র ভাংচুর শেষে হাসপাতালের সব ক'টি ফটকে তালা লাগিয়ে দেয়। একই সঙ্গে হামলাকারীদের গ্রেফতার দাবিতে মঙ্গলবার বিকেল থেকে কোন

(২ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## ময়মনসিংহ

(২০-এর পৃষ্ঠার পর)

রকম পূর্ব ঘোষণা ছাড়াই ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু করেছে। ইন্টার্ন চিকিৎসকদের এ রকম তুলকালামে হাসপাতালের জরুরী বিভাগে আসা রোগী চরম দুর্ভোগের শিকার হয়েছে। প্রায় এক ঘণ্টা তালাবদ্ধ থাকার সময় হাসপাতালের জরুরী বিভাগের সামনে অবস্থানরত শত শত রোগী ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে হাসপাতালের সামনে দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে।